**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-03-2026** **Desk in Charge: SDG**
**Time: 1-30PM** **Editing & Compiling: Nitish M./ NBR**
**DEO: KB** **NRT: NBR**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যসভায় আজ ২০-টি রাজ্যের ৫৯ জন সদস্যকে বিদায় সম্বর্ধনা জানানো হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সংসদীয় গণতন্ত্রে এদের অবদান দেশবাসী চিরকাল মনে রাখবে।

২) লোকসভা 'এক দেশ, এক নির্বাচন' সংক্রান্ত আইন পর্যালোচনার জন্য গঠিত যৌথ সংসদীয় কমিটির মেয়াদ আগামী বাদল অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন পর্যন্ত বৃদ্ধি করেছে।

৩) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, যাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বন্দে ভারত ট্রেনগুলিতে একাধিক উন্নত সুরক্ষা ব্যবস্থাপনা রাখা হয়েছে।

৪) যাত্রীদের সুলভ মূল্যে পরিষেবা দিতে সরকার, যেকোনো বিমানে নূন্যতম ৬০ শতাংশ আসন বিনামূল্যে বেছে নেওয়ার সুবিধা দেওয়ার জন্য সব এয়ারলাইন্স সংস্থাকে নির্দেশ দিয়েছে।

৫) দেশে বর্তমানে তাপপ্রবাহজনিত পরিস্থিতির প্রেক্ষিতে জাতীয় রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র- NCDC, এক নির্দেশিকা জারি করেছে।

৬) ব্যাডমিন্টনে পুরুষদের সিঙ্গেলসে আজ বিশ্বের প্রাক্তন এক নম্বর কিদাম্বি শ্রীকান্ত ডেনমার্কের ম্যাগনাস ইয়োহানেসেনের মুখোমুখি হবেন।

*************************************************************************

রাজ্যসভায় আজ ২০-টি রাজ্যের ৫৯ জন সদস্যকে বিদায় সম্বর্ধনা জানানো হয়। এদের মধ্যে ৯ জন মহিলা সদস্য রয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদের বিদায় সম্বর্ধনা দিয়ে বলেন, সংসদীয় গণতন্ত্রে এই সাংসদদের অবদান দেশবাসী চিরকাল মনে রাখবে। রাজনীতিতে কখনো কোন পূর্ণ ছেদ পড়ে না। একথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, বিদায়ী সাংসদদের অভিজ্ঞতা এবং উল্লেখযোগ্য অবদান বরাবরই মূল্যবান ও প্রাসঙ্গিক হয়ে থাকবে। তিনি বলেন, প্রতি দু-বছর অন্তর সদস্যদের এইভাবে বিদায় জানানো তাঁর কাছে অত্যন্তই আবেগের ।

রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ণ সিং আজ অবসর গ্রহণ করছেন। তাঁর প্রতিও কৃতিজ্ঞতা ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে তিনি যে দায়িত্ব পাল করে চলেছেন, তা অকুণ্ঠ প্রশংসার দাবি রাখে। সভার কাজ কর্ম পরিচালনার সময় শ্রী হরিবংশ প্রত্যেকের আস্থা অর্জনের চেষ্টা চালিয়েছেন বলে তা উল্লেখ করেন শ্রী মোদী।

( বাইট – প্রধানমন্ত্রী)

*************************

লোকসভা আজ ধ্বনিভোটের মাধ্যমে ‘এক দেশ, এক নির্বাচন’ সংক্রান্ত আইন পর্যালোচনার জন্য গঠিত যৌথ সংসদীয় কমিটির মেয়াদ ২০২৬ সালের বাদল অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন পর্যন্ত বৃদ্ধি হয়েছে। এই বিলটির লক্ষ্য হলো লোকসভা এবং রাজ্য বিধানসভাগুলোতে একযোগে নির্বাচন করা। কমিটির সভাপতি পি.পি. চৌধুরী, আজ লোকসভায় ‘১২৯তম সংবিধান সংশোধনী বিল, ২০২৪’ এবং ‘কেন্দ্র শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল, ২০২৪’ বিষয়ক যৌথ কমিটির মেয়াদ বৃদ্ধির প্রস্তাবটি উত্থাপন করেন। লোকসভায় ধ্বনি ভোটের মাধ্যমে প্রস্তাবটি গৃহীত হয়।

*************************

কেন্দ্রীয় উপভোক্তা সুরক্ষা সংস্থা, CCPA ই-কমার্স ক্ষেত্রে উপভোক্তা অধিকার লঙ্ঘন এবং অনৈতিক বাণিজ্যিক কার্যকলাপের সঙ্গে জড়িত বেশ কিছু প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের জবাবে

কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী জানান, ২০২০ সাল থেকে লেগাল মেট্রোলজি বিভাগ অনৈতিক কার্যকলাপের অভিযোগে সংশ্লিষ্ট ই-কমার্স প্ল্যাটফর্মগুলোর বিরুদ্ধে ৯৯৭টি নোটিশ জারি করেছে। তিনি আরও জানান, CCPA-এর গৃহীত পদক্ষেপের ফলে বেশ কিছু ই-কমার্স প্রতিষ্ঠান তাদের অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাকে আরও শক্তিশালী করেছে বলেও জানিয়েছেন শ্রী যোশী। তিনি আরো জানান, এখন পর্যন্ত ক্ষতিগ্রস্ত উপভোক্তাদের ১হাজার৪৪০ কোটি টাকা ফেরত পাওয়ার ব্যবস্থা করা হয়েছে।

( বাইট- প্রহ্লাদ যোশী )

***********************

উড়ান চলাচলে যাত্রীদের সুলভ মূল্যে পরিষেবা দিতে সরকার, যেকোনো বিমানে নূন্যতম ৬০ শতাংশ আসন বিনামূল্যে বেছে নেওয়ার সুবিধা দেওয়ার জন্য সব এয়ারলাইন্স সংস্থাকে নির্দেশ দিয়েছে। বিমান পরিবহনে স্বচ্ছতা এবং বৈষম্য রুখতে অসামরিক উড়ান চলাচল মন্ত্রক আজ ডিজিসিএ- মাধ্যমে এই নির্দেশিকা জারী করে। মন্ত্রক জানিয়েছে, একই পি এন আর থাকা যাত্রীদের একসঙ্গে আসন বরাদ্দ করতে হবে। সম্ভব হলে তা পাশাপাশি দেওয়াই বাঞ্ছনীয়। ক্রীড়া বা বাদ্যযন্ত্র পরিবহনের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা এবং যত্ন সুনিশ্চিত করারও নির্দেশ দিয়েছে মন্ত্রক। গৃহপালিত পশুদের ক্ষেত্রেও একইভাবে স্বচ্ছ এবং স্পষ্ট নীতি প্রণয়নের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, উড়ান বিলম্ব, বাতিল এবং বোর্ডিং এ অসম্মতির ক্ষেত্রে যাত্রীদের অধিকার সুরক্ষা কাঠামো কঠোরভাবে মেনে চলার ওপর জোর দেওয়া হয়েছে। এয়ারলাইন্সের ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, বুকিং প্ল্যাটফর্ম এবং বিমানবন্দরের কাউন্টারে যাত্রী অধিকার সংক্রান্ত নীতি স্পষ্ট ভাবে উল্লেখ করার আহ্বান জানানো হয়েছে। সচেতনতা মূলক যাবতীয় নির্দেশিকা যাত্রীদের আঞ্চলিক ভাষায় জানানোর জন্যও উড়ান সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে কেন্দ্র।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ** রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২**-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

****************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় “কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"এই বিষয় নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ** রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২**-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

***************************

দেশে বর্তমানে যে তাপপ্রবাহের পরিস্থিতি চলছে সেই পরিপ্রেক্ষিতে ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল, NCDC দেশের জনগণের প্রতি একটি নির্দেশিকা জারি করেছে। হিট স্ট্রোক বা লু-এর প্রকোপ থেকে সুরক্ষিত থাকতে, NCDC প্রচুর পরিমাণে জল পান করার এবং দিনের যে সময়ে তাপের তীব্রতা সর্বাধিক থাকে, সেই সময়ে ভারী কাজ এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে।

এছাড়া, গরমে হালকা রঙের পোশাক পরার পরামর্শ দেওয়া হয়েছে ওই নির্দেশিকায়। NCDC আরো জানিয়েছে, হিট স্ট্রোকে আক্রান্ত কোনো ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা করার সময়, তাকে অবশ্যই কোনো ঠাণ্ডা স্থানে শুইয়ে রাখতে হবে। এরপর আক্রান্ত ব্যক্তি কিছুটা ধাতস্থ হলে, তাকে ঠান্ডা সেক দিতে হবে এবং সেই সঙ্গে ধীরে ধীরে অল্প পরিমাণে ঠান্ডা জল ও উচ্চমাত্রার আর্দ্রতাযুক্ত খাবার খেতে দিতে হবে।

***************************

নতুন দিল্লির পালাম এলাকায় এক বহুতলে আজ সকালে আগুন লাগার ঘটনায় এখনও পর্যন্ত ৭ জনের মৃত্যু হয়েছে। দমকলের ৩১টি গাড়ি আগুন নেভানোর চেষ্টায় মোতায়েন করা হয়েছে।

এদিকে, দিল্লির মুখ্যমন্ত্রী, রেখা গুপ্তা বলেছেন, জেলা প্রশাসন, দিল্লি পুলিশ এবং দমকল উদ্ধারকাজ চালাচ্ছে। সমাজ মাধ্যমের এক বার্তায়, তিনি সকলের নিরাপত্তার জন্য প্রার্থনা করেন। গঠন করা হয়েছে জেলা শাসক পর্যায়ের এক তদন্ত কমিটি।

****************************

ইন্দোরের তিলক নগর থানার কাছে আজ ভোর চারটে নাগাদ এক তিন তোলা ভবনে ভয়াবহ অগ্নিকান্ডে ৭ জন প্রাণ হারিয়েছেন। তিন জনের অবস্থা আশঙ্কাজনক। বারিতির একদিকের দেওয়াল ধ্বসে পড়েছে। স্থানীয় বেঙ্গলি স্কয়ার সংলগ্ন এলাকায় এক বৈদ্যুতিন গাড়িতে শর্ট সার্কিট হওয়ার ফলেই এই অগ্নি সংযোগের কারন বলে প্রাথমিক অনুমান।

মধ্যপ্রদেশের মন্ত্রী কৈলাস বিজয়বর্গীয় এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। অতি শীঘ্র এক বিশেষজ্ঞ কমিটি গঠন করে এই ঘটনার পুর্ণাঙ্গ তদন্ত হবে বলে তিনি আশ্বাস দেন। তিনি বলেন এইরকম দুর্ঘটনা যাতে ভবিষ্যতে আর না ঘটে সেই জন্য বৈদ্যুতিন গাড়ি রিচার্জ করার নতুন নির্দেশিকা জারি করা হবে।

****************************

PIB-র ফ্যাক্ট চেক ইউনিট, ইয়ুথ খেলো ইন্ডিয়া ফেডারেশন নামের এক সংস্থাকে ভুয়ো বলে জানিয়েছে। সংস্থাটি নিজেদের ভারতের অলিম্পিক অ্যাসসিয়েশনের অন্তর্ভুক্ত বলে দাবি করেছিল। থাইল্যান্ডের আন্তর্জাতিক গেমস, ২০২৬ এর জন্য প্রবেশমূল্য হিসেবে খেলোয়াড় প্রতি ৮ শো ২৫ মার্কিন ডলার চেয়েছিল তারা। সমাজ মাধ্যমের এক পোস্টে, পিআইবি জানিয়েছে, এই ইয়ুথ খেলো ইন্ডিয়া ফেডারেশন সরকার দ্বারা স্বীকৃত কোন সংস্থা নয়। পোস্টে আরও বলা হয়েছে, ভারতীয় ক্রীড়া সংস্থা- SAI, কোন বেসরকারি সংস্থাকে প্রবেশমূল্য সংগ্রহ করার অনুমতি দেয় না।

****************************

ফরাসি রাষ্ট্রপতি এম ম্যানুয়াল ম্যাক্রো জানিয়েছেন যে, তাঁর দেশ হরমুজ প্রণালীর নিরাপত্তা নিশ্চিত করতে প্রস্তুত তবে তা, বর্তমানের মধ্যপ্রাচ্যের যুদ্ধ থেকে সম্পূর্ণ আলাদা একটি অভিযানের অংশ হবে। এলিসি রাষ্ট্রপতি ভবনে নিরাপত্তা সংক্রান্ত একটি বৈঠকের প্রাক্কালে ম্যাঁক্রো বলেন, ইরানের সঙ্গে আলোচনা ও উত্তেজনা হ্রাস করার জন্য যে কোনও ধরণের অভিযান অবশ্যই চলতি সামরিক অভিযান ও বোমা বর্ষণের থেকে সম্পূর্ণ আলাদা হওয়া প্রয়োজন।

***************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের বিরুদ্ধে মার্কিনযুক্তরাষ্ট্রের সামরিক অভিযানে যোগ দিতে ন্যাটোর অধিকাংশ মিত্র দেশই সম্মতি জানাইনি। তিনি এই সিদ্ধান্তের সমালোচনা করেন বলেন, ওয়াশিংটনের কোনো রাষ্ট্রের সমর্থনের প্রয়োজন নেই। মিত্ররাষ্ট্রগুলোর সমর্থন ছাড়াও বিশ্বের প্রতিটি দেশই তাদের সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছে। ইরানকে কোনোভাবেই পরমাণু শক্তিধর দেশ হয়ে ওঠার সুযোগ করে দেওয়া যায় না। ট্রাম্প আরো বলেন, ন্যাটোর সদস্য দেশগুলির এই প্রতিক্রিয়ায় তিনি বিস্মিত হননি। তার দাবি মার্কিন বাহিনী ইরানের সামরিক ক্ষমতা অনেকটাই দুর্বল করে দিতে পেরেছে।

***************************

ব্যাডমিন্টনে পুরুষদের সিঙ্গেলসে আজ বিশ্বের প্রাক্তন এক নম্বর কিদাম্বি শ্রীকান্ত ডেনমার্কের ম্যাগনাস ইয়োহানেসেনের মুখোমুখি হবেন। স্বদেশী কিরণ জর্জের বিপক্ষে নিজের অভিযান শুরু করবেন আয়ুষ শেঠি। মালবিকা বানশোর, আনমোল খারব, এবং তানভি শর্মাও আজ তাদের অভিযান শুরু করবেন।

ফ্রান্সের প্যালে দে স্পোর্টস-এ অরলিয়েন্স মাস্টার্স সুপার ৩০০ ব্যাডমিন্টন টুর্নামেন্টে আকাশি কাশ্যপ, মহিলাদের সিঙ্গলসে মূল পর্বে পৌঁছেছেন। গত সন্ধ্যায় দুটি কোয়ালিফায়ার ম্যাচে আকাষী কাশ্যপ জয়লাভ করেন।

আকর্ষী প্রথম রাউন্ডের ম্যাচে আজ, কমনওয়েলথ গেমসে ব্রোঞ্জ পদক জয়ী সিঙ্গাপুরের ইও-জিয়া-মিনের মুখোমুখি হবেন।

******************************************************************